গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.৯৯.০১১.১৯.৩২৫

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৬
০৬ আগস্ট ২০১৯

বিষয়: **জাতীয় শোক দিবস-২০১৯ যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস। দেশব্যাপী দিবসটি যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে ১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আমার বাড়ি আমার খামার প্রকল্প এবং পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে নিম্নবর্ণিতভাবে কর্মসূচি পালনের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

ক) দেশের সকল প্রকল্প/ ব্যাংক কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে।

খ) কোন অবস্থাতেই ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না। যথানিয়মে মানসম্মত কাপড়ে তৈরি জাতীয় পতাকা এবং এ দিবসের সাথে সঙ্গতিপূর্ণ ব্যানার ও ফেস্টুন প্রস্তুত করতে হবে।

গ) জেলা (সদর উপজেলার ক্ষেত্রে) ও উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানসমূহে আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করবেন।

২। জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে প্রকল্প/ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ আবশ্যিকভাবে অংশগ্রহণ করবেন। কোন অবস্থায় এ দিবস পালনের অনুষ্ঠানে অনুপস্থিত থাকা যাবে না। এসকল অনুষ্ঠানে প্রকল্প/ব্যাংকের অনুপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের তালিকা প্রস্তুত করে প্রকল্প/ব্যাংকের সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

৩। এমতাবস্থায়, যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ১৫ আগস্ট ২০১৯ খ্রি. তারিখ বৃহস্পতিবার জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানসমূহে আমার বাড়ি আমার খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৬-৮-২০১৯

(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৩৫৯০৮৩
ফ্যাক্স: ৯৩৪৮২০৬
ইমেইল: headoffice@ebek-rdcd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
............................উপজেলা।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.৯৯.০১১.১৯.৩২৫/১

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৬
০৬ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮), ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, ঢাকা।

৪) জেলা প্রশাসক, -------------------------------- ।

৫) উপপরিচালক, বিআরডিবি, --------------------।

৬) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলকে মোবাইল এসএমএস-এর মাধ্যমে অবহিত করার জন্য)

৭) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, -------------------।

৮) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল উপজেলা) ....................................।

৯) উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক (সকল উপজেলা) .......... জেলা। [উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে এবং পত্রের মর্মানুযায়ী জাতীয় শোক দিবস-২০১৯ পালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো]।

৬-৮-২০১৯
(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)